# হল্যান্ডে হৈচৈ-এর পুজোয় প্রদীপ রুদ্রপালের প্রতিমা

**অভিষেক দাশগুপ্ত**
নেদারল্যান্ড

কুমোরটুলির মৃৎশিল্পী প্রদীপ রুদ্রপালের তৈরি পাঁচ চালার প্রতিমা এবার সুদূর হল্যান্ডে। হল্যান্ডে হৈচৈ–এর উদ্যোগে নেদারল্যান্ডের ওই প্রদেশে সাড়ম্বরে উদ্‌যাপিত হতে চলেছে শারদোৎসব। এরই সঙ্গে খ্যাতনামা পপ তারকা বাবা সায়গল সেখানে আসর জমাতে চলেছেন পুজোয়। ১২ অক্টোবর তাঁর অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ‘হল্যান্ডে হৈচৈ’ আট বছরে পড়েছে। এই সংগঠনের যাত্রা শুরু হয়েছিল ২০১৭ সালে। কিন্তু করোনার অতিমারির কারণে এক বছর তাঁরা পুজোর আয়োজন করতে পারেননি। ওই অঞ্চলের বাঙালি ও অবাঙালিরা সারা বছর দুর্গাপুজোর জন্য অধীর আগ্রহে অপেক্ষা করে থাকেন। একসঙ্গে, এক মণ্ডপে পুজোর কয়েকটা দিন আড্ডা, খাওয়া দাওয়ায় কাটে সবার।

হৈচৈ দুর্গাপূজা কমিটির সদস্যারা বাঙালি ঘরানার ঐতিহ্য বজায় রেখে, রীতিনীতি মেনেই প্রতি বছর দুর্গাপুজোর নির্ঘণ্ট পালন করেন। পূজার অর্ঘ্য, ফুল ফল, নৈবেদ্য, পুষ্পাঞ্জলি, প্রসাদ, ধুনুচি নাচ, সিঁদুরখেলায় অংশ নেন অঞ্চলের বহু মানুষ। ১০, ১১, ১২, ও ১৩ অক্টোবর চার দিনই পঞ্জিকা মেনে পুজোর আয়োজন করা হয়েছে। কুমোরটুলি থেকে বিদেশে প্রতিমা পৌঁছোতে সময় লেগে যায় প্রায় দু’মাস।

এই দুর্গাপুজো একদিকে যেমন সামাজিক উৎসব, তেমনই সংস্কৃতিকেন্দ্রিকও বটে। এলাকার শিশু থেকে প্রবীণ সকলেই এই দুর্গাপুজোর সাংস্কৃতিক অনুষ্ঠানে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। নাচ, গান, নাটক, আবৃত্তি নানারকম বিনোদনে মেতে ওঠেন এলাকাবাসী।

হৈচৈ–এর দুর্গাপুজোর অন্যতম একটা আকর্ষণ পেটপুজোও বটে। মধ্যাহ্নভোজ ও রাতের খাওয়া মিলিয়ে এবার পুজোর চার দিন জমিয়ে খাওয়া দাওয়ার ব্যবস্থা থাকছে। এরপর এসে যায় উমার বিদায় পালা। আর পুজো শেষের দু–চার মাস পর থেকেই পরিকল্পনা শুরু করে দেওয়া হয় পরবর্তী বছরের পুজোর।



হল্যান্ডে হৈচৈ–এর পুজোয় মহিলা সদস্যারা। ছবি: ফাইল চিত্র



৭৫ বছরে টালিগঞ্জের আজাদগড় সেবক সঙ্ঘ। শুক্রবার পুজোর উদ্বোধন করলেন মন্ত্রী অরূপ বিশ্বাস। এদিন যাদবপুর ও সোনারপুরের মোট ১২টি পুজোর উদ্বোধন করেন মন্ত্রী।

# দামোদরেও উঠল ইলিশ

**বিজয়প্রকাশ দাস**
বর্ধমান, ৪ অক্টোবর

এবার দামোদরেও উঠল ইলিশ। শুক্রবার ভোরের দিকে জামালপুরের মৎস্যজীবীরা দামোদরে মাছ ধরতে গেলে, তাঁদের জালে একটি ১ কেজি ১০০ গ্রাম ওজনের ইলিশ ওঠে। সকালে ইলিশটি নিয়ে ডাক ওঠে জামালপুরের মাছের আড়তে। ২ হাজার ১০০ টাকা পর্যন্ত ডাক ওঠার পর সেটি কিনে নিয়ে যান একজন ক্রেতা। ওই ক্রেতার কথায়, ‘এদিন সকালে জামালপুর বাজারে মাছ কিনতে এসে দেখলাম, একটি বড় ইংলিশ মাছের পাইকারি হচ্ছে। ইলিশটিকে ঘিরে মানুষের ভিড় রয়েছে। কৌতূহলবশত সেখানে এগিয়ে গিয়ে শুনতে পাই, মাছটি দামোদর থেকে পাওয়া গেছে। এই প্রথম জামালপুরে দামোদর থেকে ইলিশ মাছ উঠল বলেই সবাই বলছিলেন।’ মৎস্য দপ্তরের এক আধিকারিকের কথায়, ‘ইলিশ মাছকে বলা যায় পরিযায়ী মাছ। কারণ, এই মাছ অনেকদূর পর্যন্ত যেতে পারে। তবে যদি আমরা গঙ্গা এবং পদ্মায় ইলিশ মাছ পেয়ে থাকি, তাহলে দামোদরেও ইলিশ মাছ পাওয়া যেতে পারে। সেটা নিয়ে অবাক হওয়ার কিছু নেই। মৎস্যজীবীদের কাছে খোঁজ নিয়ে জানতে পেরেছি, কুড়ি–বাইশ বছর আগে এক সময় ইলিশ মাছ এই দামোদরে দেখা গিয়েছিল।’



দামোদরে ওঠা সেই ইলিশ। জামালপুরের আড়তে, শুক্রবার। ছবি: প্রতিবেদক

# পুজোয় সবজির দাম নিয়ন্ত্রণে কড়া রাজ্য

**রিনা ভট্টাচার্য**

উৎসবের সময় সবজির দাম নিয়ন্ত্রণে রাখতে কড়া মনোভাব নিচ্ছে রাজ্য। ৩০ নভেম্বরের মধ্যেই হিমঘরের সব আলু ছেড়ে দেওয়ার নির্দেশ দিয়েছে রাজ্য সরকার। পাশাপাশি পুজোর বাজারে যাতে কোনও কৃষিপণ্যের ঘাটতি না হয় তার জন্য টাস্কফোর্সের নজরদারি আরও বাড়ানো হচ্ছে। শুক্রবার নবান্নে এ বিষয়ে সতর্কতামূলক পদক্ষেপ নিতে বৈঠকে বসেছিলেন মুখ্যসচিব মনোজ পন্থ। এই বৈঠকে ছিলেন পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী প্রদীপ মজুমদার, কৃষি বিপণন মন্ত্রী বেচারাম মান্না।

কৃষি বিপণন মন্ত্রী জানিয়েছেন, বাজারে দ্রব্যমূল্য বৃদ্ধি নিয়ন্ত্রণে আনতে আরও কড়া মনোভাব নিচ্ছে রাজ্য সরকার। হিমঘরে থাকা আলু ৩০ নভেম্বরের মধ্যে বের করে নিতে হবে। উল্লেখ্য, নতুন আলু এসে গেলেও পুরনো আলুর চাহিদাও থাকে বাজারে। সেই চাহিদা পূরণের জন্য ব্যবসায়ীদের একাংশ হিমঘরে আলু রেখে দেন। চাহিদার সময়ে বেশি দামে সেই আলু বিক্রি করেন। এই প্রবণতা কমাতেই এই নির্দেশ দিয়েছে রাজ্য।

**৩০ নভেম্বরের মধ্যে হিমঘরের সব আলু ছেড়ে দিতে হবে**

এদিনের বৈঠকে মুখ্যসচিব ও মন্ত্রীদের সঙ্গে ছিলেন সংশ্লিষ্ট সব দপ্তরের সচিব, জেলাশাসক, পুলিশ সুপার এবং অন্য আধিকারিকরা। সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে, এ রাজ্যে উৎপাদিত আলু হিমঘরে যথেষ্ট পরিমাণে রয়েছে। উৎসবের সময় অতিরিক্ত চাহিদা মেটানোর জন্য হিমঘর থেকে এখনই আলু পর্যাপ্ত পরিমাণে বের করে নেওয়ার জন্য হিমঘর কর্তৃপক্ষ এবং ব্যবসায়ীদের অনুরোধ করা হয়েছে। সুফল বাংলা স্টলে বাড়তি জোগানের জন্য পর্যাপ্ত আলু মজুত রাখা হয়েছে। যে সব জেলায় হিমঘর রয়েছে সেখান থেকে পাশাপাশি জেলা এবং কলকাতায় কিন্তু সরবরাহ স্বাভাবিক রাখার জন্য সব রকম ব্যবস্থা নেওয়া হয়েছে। উত্তরবঙ্গের জলপাইগুড়ি থেকে পাহাড় এবং উত্তর ও দক্ষিণ দিনাজপুর, মালদায় নিয়মিত সরবরাহ করা হচ্ছে।

ইতিমধ্যেই গ্রীষ্মকালীন ফসলের সুষ্ঠু বণ্টন এবং বাজারের চাহিদা ও জোগানের মধ্যে সমতা রাখার জন্য কৃষি বাজারগুলিতে এবং গ্রামে গ্রামে বিশেষ ক্রয় কেন্দ্র খোলা হয়েছে। ন্যায্য দামে কৃষকদের কাছে সরাসরি সবজি কেনা হচ্ছে। এই মুহূর্তে রাজ্যে এরকম ৫৮টি কেন্দ্র খোলা রয়েছে। যেসব কৃষিপণ্য এই সময় অন্যান্য রাজ্য থেকে আসে যেমন লঙ্কা, পেঁয়াজ ও টমেটোর জোগান বাড়ানোর চেষ্টা করা হচ্ছে। এই মুহূর্তে সুফল বাংলা স্টলের সংখ্যা ৬৪২। এই স্টলের সংখ্যা আরও বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

# আমেরিকায় ডক শ্রমিক ধর্মঘট, রপ্তানি নিয়ে উদ্বেগ ভারতের

**আজকালের প্রতিবেদন**

মার্কিন যুক্তরাষ্ট্রের পূর্ব ও গাল্‌ফ উপকূলে ডক শ্রমিকেরা ধর্মঘটে। এর জেরে উদ্বিগ্ন ভারতের রপ্তানিকারী সংস্থাগুলি। এবিষয়ে সিআইআই ন্যাশনাল কমিটি অন এক্সিম–এর চেয়ারম্যান এবং প্যাটন ইন্টারন্যাশনালের এমডি সঞ্জয় বুধিয়া এক বিবৃতিতে জানিয়েছেন, যে–সব ভারতীয় সংস্থা মার্কিন যুক্তরাষ্ট্রে রপ্তানি করেন, ডক শ্রমিকদের ধর্মঘটের ফলে তাঁদের উদ্বেগ বাড়ছে। কারণ, মার্কিন যুক্তরাষ্ট্রেই সবচেয়ে বেশি ভারতীয় পণ্য রপ্তানি করা হয়। এই ধর্মঘটের কারণে রপ্তানিতে দেরি হতে পারে এবং নির্ধারিত সময় পেরিয়ে গেলে জরিমানা ধার্য করা হতে পারে। মার্কিন ক্রেতাদের সঙ্গেও সম্পর্কে সমস্যা হতে পারে।

বিবৃতিতে সঞ্জয় বুধিয়া জানিয়েছেন, ডক শ্রমিক ধর্মঘটের কারণে অন্য পথে মাল পাঠাতে পরিবহণের খরচ বাড়বে। সরবরাহ হবে দেরিতে। বিকল্প বন্দরগুলিতে ভিড়ের কারণে বহু জাহাজ আটকে পড়তে পারে। এতে সময়ও বেশি লাগবে। যেহেতু আমেরিকার পশ্চিম উপকূলের বন্দরগুলিতে চাপ বেশি, ফলে মাল ওঠানো নামানো সম্ভব না–ও হতে পারে।

ইন্টারন্যাশনাল লংশোরমেনস অ্যাসোসিয়েশন মঙ্গলবার যে–ধর্মঘটের ডাক দিয়েছে, তাতে সে–দেশের পূর্ব ও গাল্‌ফ উপকূলের ৩৬টি প্রধান বন্দরে কাজ বন্ধ থাকবে। এর ফলে যে–সব ভারতীয় আমদানিকারী সংস্থা এই সব বন্দরের মালের ওপর নির্ভর করে, তাদেরও দরকারি পণ্য পেতে দেরি হতে পারে। এতে উৎপাদনের গতি কমবে এবং মুদ্রাস্ফীতি বাড়বে।



বিদেশের কনসাল জেনারেলরা এলেন আহিরীটোলা যুবক বৃন্দের মণ্ডপে। শুক্রবার। ছবি: সুপ্রিয় নাগ

# কলকাতা বিশ্ববিদ্যালয় সাংবাদিকতা বিভাগের ৭৫ বছর

**আজকালের প্রতিবেদন**

কলকাতা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগের ৭৫ বছর পূর্তি উপলক্ষে বিভাগের পক্ষ থেকে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সোমবার একটি পদযাত্রার কর্মসূচি নেওয়া হয়েছে। ওই পদযাত্রায় বর্তমান ও প্রাক্তন শিক্ষক, পড়ুয়ারা অংশগ্রহণ করবেন। শুক্রবার কলকাতা বিশ্ববিদ্যালয়ের কলেজ স্ট্রিট ক্যাম্পাসে এই উপলক্ষে একটি সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তী উপাচার্য শান্তা দত্ত দে, রেজিস্ট্রার দেবাশিস দাস, বিভাগের প্রধান পীযূষকান্তি পাণিগ্রাহী ও বিভাগের অধ্যাপক অঞ্জন বেরা। ১৯৫০ সালের ৭ অক্টোবর কলকাতা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগের যাত্রা শুরু হয়। তখন অবশ্য ডিপ্লোমা কোর্স পড়ানো হত। অঞ্জনবাবু বলেন বলেন, ৭ অক্টোবর থেকে সারা বছর ধরে ৭৫ বছর উপলক্ষে নানা অনুষ্ঠান হবে। আন্তর্জাতিক সেমিনার হবে। বিভাগের প্রাক্তন পড়ুয়ারা অনেকে দেশ–বিদেশে ছড়িয়ে আছে। তাই অনলাইনেও কিছু অনুষ্ঠান হবে। ৭৫ বছরের পূর্তি উপলক্ষে একটি ফলকও উন্মোচন করা হবে। ৭ অক্টোবর সকালে বিশ্ববিদ্যালয়ে একটি ছোট অনুষ্ঠানের পরে শুরু হবে পদযাত্রা। যা কলেজ স্ট্রিট ক্যাম্পাস থেকে সুবোধ মল্লিক স্কোয়্যার পর্যন্ত যাবে।



মহাকাশ নিয়ে কর্মশালায় বলছেন যুধাজিৎ দাশগুপ্ত।

# লোক সংস্কৃতিতে তারা

**আজকালের প্রতিবেদন**

‘লোক সংস্কৃতিতে তারা।’ এই বিষয় নিয়ে বালিতে হয়ে গেল ২১তম নিক্কণ সাংস্কৃতিক মেলা। নিক্কণ আয়োজিত এই মেলায় প্রাবন্ধিক ও ‘তারা’ বিষয়ক গবেষক যুধাজিৎ দাশগুপ্তের তত্ত্বাবধানে একটি কর্মশালারও আয়োজন করা হয়। এই কর্মশালায় অংশ নেয় বালির বহু ছাত্রছাত্রী।

আজীবন এই মেলার সঙ্গে জড়িয়ে ছিলেন কবি শঙ্খ ঘোষ। বিষয়ভিত্তিক এই সাংস্কৃতিক মেলায় প্রতি বছর কোনও একটি বিষয় বেছে নেওয়া হয়। সেই বিষয়ের ওপর কর্মশালাও অনুষ্ঠিত হয়। বালি দুর্গাপুর পল্লীমঙ্গল বিদ্যামন্দিরে এই কর্মশালা সকাল সাড়ে ১১টা থেকে শুরু হয়। চলে প্রায় দেড়টা পর্যন্ত। ছবি এবং ভিডিওর মাধ্যমে মহাকাশ নিয়ে বিভিন্ন তথ্য ছোটদের উপযোগী করে তুলে ধরেন যুধাজিৎ দাশগুপ্ত। পরিকল্পনা এবং পরিচালনার দায়িত্বে ছিলেন নিক্কণের সম্পাদক পার্থ নাগ। কর্মশালায় উপস্থিত ছিলেন স্কুলের প্রধান শিক্ষক সিদ্ধার্থশঙ্কর মসিদ। এছাড়াও উপস্থিত ছিলেন স্কুলের শিক্ষক–শিক্ষিকা এবং অন্য কর্মীরা।

# পিবিআইএন-এর পঞ্চম প্রতিষ্ঠা দিবস



বেলভিউ ক্লিনিকের অংশ, প্রিয়ংবদা বিড়লা ইনস্টিটিউট অফ নার্সিং (পিবিআইএন)–এর পঞ্চম প্রতিষ্ঠা দিবস পালিত হল ৪ অক্টোবর। ছবিতে বক্তব্য পেশ করছেন বিধাননগর সাব–ডিভিশনাল হাসপাতালের সুপারিনটেন্ডেন্ট ডাঃ পার্থপ্রতিম গুহ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিস্টার নিবেদিতা নার্সিং ইনস্টিটিউটের ডিরেক্টর মাধবী দাস, এসএসকেএম হাসপাতালের নার্সিং সুপারিনটেন্ডেন্ট মনীষা ঘোষ, বেলভিউ ক্লিনিকের সিইও প্রদীপ ট্যান্ডন প্রমুখ।

# ডিসানের স্বাস্থ্যপরীক্ষা শিবির



ডিসান হাসপাতাল গ্রুপের ডিরেক্টর শাঁওলি দত্তর উদ্যোগে হুগলির খানাকুলে ৩ অক্টোবর একটি বিনামূল্যে স্বাস্থ্যপরীক্ষা শিবির আয়োজিত হয়। হাজারের বেশি মানুষ এই শিবিরে বিশেষত প্রাকৃতিক দুর্যোগ–পরবর্তী জলবাহিত রোগ, সংক্রমণ ও অন্যান্য সাধারণ রোগের চিকিৎসা পেয়েছেন। ডিসান হাসপাতালের একদল বিশেষজ্ঞ ডাক্তার ও স্বাস্থ্যকর্মী রোগীদের বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষার পাশাপাশি প্রয়োজনীয় ওষুধ বিতরণ করেন।

## মেট্রো বিভ্রাট

**মেট্রোয় ফের বিভ্রাট। বৃহস্পতিবার সন্ধ্যায় দক্ষিণেশ্বর ও দমদমের মধ্যে বিঘ্নিত হয় মেট্রো পরিষেবা। মেট্রো সূত্রে খবর, সিগন্যালিং বিপত্তিতেই এই বিভ্রাট। বিকেল ৫টা ৩৬ মিনিট থেকে বহু সময় বন্ধ থাকে দমদম ও দক্ষিণেশ্বরের পরিষেবা। সন্ধ্যা ৭ টা ১৭ মিনিটে স্বাভাবিক হয় দক্ষিণেশ্বর থেকে দমদম মেট্রো চলাচল। দমদম থেকে কবি সুভাষ অবধি স্বাভাবিক ছিল মেট্রো।**


**UNIVERSITY OF KALYANI**
**Notice for E-tender**
E-tender is invited against Tender ID No. : **2024_UOK_762448_1 for Supply of Equipment to the Department of Engineering and Technological Studies.** Last date for submission of quotation **26.10.2024.** For details please visit website **www.klyuniv.ac.in** (for viewing only) and **http://wbtenders.gov.in** (for viewing & tender submission). **Sd/- Registrar**

**Office of the Municipal Councillors, Bhatpara**
e-NIT No- MAD/ULB/BHATPARA/DR-2/1973, Date-04.10.2024
e-Tenders are invited by the Executive Officer, Bhatpara Municipality for 'Production of potable water from surface water from River Ganges at 23MGD Jagatdal Water Treatment Plant including operation and Maintenance (including Intake Jetty) (both for Civil and E & M component) work with supply of Chemicals (Alum & PAC) including guarding arrangement and supply of required laboratory reports etc. at Jagatdal WTP, District-North 24Pgs for a period of 60 months. Last Date of Submission of Tender is 02/11/24 at 13-00PM. Details may be seen in **wbtenders.gov.in**
S/d
**Executive Officer, Bhatpara Municipality**

**Government of West Bengal**
Directorate of Micro, Small & Medium Enterprises, Office of the General Manager, District Industries Centre, Birbhum.
**Abridged Notice for Inviting e-Tender Notice No. 06/E-Tender/Indl. Co-opt./CPC/DIC/BIR/2024-2025, Dated -03/10/2024**
Memo no 549/Estt./DIC/BIR Dated: 04/10/2024
General Manager, District Industries Centre, Birbhum invites e-Tender for a project under Readymade Garments Industrial Co-operative Society Development Programme of MSME & T, for Readymade Garments Manufacturing at CFC of Creation Readymade Garments Industrial Cooperative Society Ltd. Detailed information including downloading and uploading date and time are available from the website www.wbtenders.gov.in.
Sd/-
General Manager,
District Industries Centre, Birbhum.
Memo No 129(3)/Inf(advt)/Bir, Dt:04-10-2024

**ASANSOL DURGAPUR DEVELOPMENT AUTHORITY**
(A Statutory body of the Govt. of West Bengal)
City Centre, Durgapur - 713216
(Ph.: 0343-2546716/6815)
**N.I.T. (Online) No: - ADDA/DGP/ED/N-21/24-25**
Exe. Engr., ADDA invites **Percentage Rate Tender** (Online Bid System) for the work **(1)** Repairing and upgradation of road within EPIP Complex, Durgapur; Tender ID No. 2024_ADDA_762652_1. **(2)** Repairing of surface drainage system within EPIP Complex, Durgapur; Tender ID No. 2024_ADDA_762663_1. For other details visit our website **www.addaonline.in** or **http://wbtenders.gov.in** or contact Exe. Engr. ADDA.
Sd/-
**Exe. Engr. (Civil), ADDA**

**Government of West Bengal**
Panchayats and Rural Development Department
**Office of the Superintending Engineer**
RRNMU Bardhaman Circle
Vill.- Malkita, P.O.- Bhita, Block- Burdwan-I, Dist.- Purba Bardhaman, PIN-713102
**ABRIDGED TENDER NOTICE (e-TENDER)**
**e-NIT No. 14/SE/RRNMU-Bwn-Circle/2024-25 (1st Call)**
Sealed percentage rate tender through online for 2 (Two) nos. Post Five Year Maintenance works of Roads through e-Marg in prescribed format are invited from resourceful, bonafied & experienced contractors who have successfully completed road or Maintenance of road Work of PMGSY, PWD, CPWD, Zilla Parishad and any other Govt. Department. For further details please visit website **www.wbtenders.gov.in** from 05.10.2024, 10:00 hrs onwards.
**Sd/- Superintending Engineer**
**P&RD Department, Govt. of West Bengal**
**RRNMU, Bardhaman Circle**

**Office of the Sonamukhi Panchayat Samiti**
**Sonamukhi, Bankura.**
TENDER NOTICE e-NIT NO.-. 18/15th CFC Sonamukhi Panchayat Samiti/2024-25 (3rd Call)
Tender ID 2024_ZPHD_762314_1
Sealed Tenders are invited by the Executive Officer, Sonamukhi Panchayat Samiti. Last date of Submission of Technical and Financial Bid on 21.10.2024 up to 18 hours. Details will be available from the Office of the undersigned in any working days and also in this website www.wbtenders.gov.in
**Sd/-**
**Executive Officer**
**Sonamukhi Panchayat Samiti**
**Sonamukhi, Bankura**

**West Bengal State Rural Development Agency**
(An Agency under P&RD Department, Govt. of West Bengal)
**Purba Bardhaman Division**
RRNMU Building, Vill.- Malkita, P.O.- Bhita, Block- Burdwan-I, P.S.- Dewandighi, Dist.- Purba Bardhaman, PIN-713102 e-mail ID: **wb-bur@nic.in**
**Memo No. WB-05/WBSRDA/NIT/668** **Date: 04.10.2024**
**ABRIDGED TENDER NOTICE (E-Tender)**
**e-NIT No. WBSRDA/PBD/NIT-23 of 2024-25/RW/PHE (1st Call)**
Sealed percentage rate tender through online for 3 (Three) nos **RESTORATION OF DAMAGED ROAD DURING EXECUTION OF THE WORK FOR LAYING DRINKING WATER SUPPLY PIPELINE BY THE PHE DTE. UNDER PMGSY SCHEME** in prescribed format are invited from resourceful, bonafied & experienced contractors who have successfully completed road or Maintenance of road Works of PMGSY, PWD, CPWD, Zilla Parishad and any other Govt. Department, in last 5 (Five) years having having 40% credential in similar nature of works along with own/ leased machineries and Laboratory Equipments. For further details please contact this office during office hours on working days or visit website **www.wbprd.nic.in** or **www.wbtenders.gov.in.**
**Sd/- Executive Engineer, WBSRDA, Purba Bardhaman Division**

**BIDHANNAGAR MUNICIPAL CORPORATION**
e-Quotation has been invited for :-
**NIQ No. 977/PWD(BMC) dt.03/10/2024** of Tender ID: **2024_MAD_762127_1** for "Fabrication of Entry Point beautification with FRP Gate within Ward No. 04 under BMC".
Last date of Bid submission: **28/10/2024** up to **15:00** Hrs.
Bid opening date: **30/10/2024** after **15:30 Hrs.**
Corrigendum, if any will be published in Website & Office Notice Board only.
For details, please follow **www.wbtenders.gov.in**, Office Website (bmcwbgov.in) & Office Notice Board.
Sd/-
**Executive Engineer**
**Bidhannagar Municipal Corporation**

**WEST BENGAL MEDICAL SERVICES CORPORATION LIMITED**
(A Company wholly owned by the Government of West Bengal)
Swasthya Sathi, GN-29, Sector V, Salt Lake, Kolkata 700091
Memo No: HFW-41016(99)/23/2021-WBMSCL SEC-Dept. of H&FW/8022 Date : 04/10/2024
**NOTICE INVITING E-TENDER**
West Bengal Medical Services Corporation Ltd. is inviting electronic bids for providing Facility Management Services at Kolkata Police Hospital as per details indicated in the table below :

| Sl. No | Particulars | Bid Ref. No. | Last date of submission of online bid | Remarks |
|---|---|---|---|---|
| 1. | **Facility Management Services at Kolkata Police Hospital** | WBMSCL/ NIT- 602/2024 Dated - 04.10.2024 | 28.10.2024 up to 02:00 PM | 2nd call of Bid Reference No. WBMSCL/ NIT-492/ 2024; Dated- 04.09.2024 |

Interested Bidders may download the tender document and/or submit their bids online at the website **www.wbtenders.gov.in**. The tender document may also be downloaded from the websites **www.wbhealth.gov.in**, **www.wbmsc.gov.in** & **www.egiyebangla.gov.in**
Sd/-
**General Manager, WBMSCL**

pnb Housing Finance Limited
Ghar Ki Baat
**পরিশিষ্ট–IV–A- স্থাবর সম্পত্তি(সমূহ) ই–নিলাম প্রকাশ্য বিক্রির বিজ্ঞপ্তি**
**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রির বিজ্ঞপ্তি**
রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৯, অন্তরীক্ষ ভবন, ২২, কস্তুরবা গান্ধী মার্গ, নয়া দিল্লি–১১০০০১। ফোন: ০১১–২৩৩৫৭১৭১, ২৩৩৫৭১৭২, ২৩৭০৫৪১৪, ওয়েবসাইট: www.pnbhousing.com, **ব্রাঞ্চ অফিস:** ফ্লোর নং ৫, সাউথ ব্লক, প্রেমিসেস নং ৭, কিড স্ট্রিট, কলকাতা– ৭০০০১৬

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত নীচের টেবিলে কলাম নং ‘A’–তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/সুরক্ষিত ঋণদাতা–এর অনুমোদিত আধিকারিক দ্বারা নীচের টেবিলে কলাম নং ‘D’–তে বর্ণিত সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক দখল (কলাম নং ‘C’–তে উল্লেখমতো) নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ স্থাবর সম্পত্তিগুলি নীচে উল্লিখিত বিশদ তথ্য অনুযায়ী **‘যেখানে আছে, যেমন আছে, যা কিছু আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে কলাম নং ‘A’ তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ বা বন্ধকদাতাগণের (প্রয়াত হলে) আইনি উত্তরাধিকারীগণ (জ্ঞাত বা অজ্ঞাত), এগজিকিউটর(গণ), অ্যাডমিনিস্ট্রেটর(গণ), সাক্সেসর(গণ), অ্যাসাইনি(গণ) (প্রযোজ্যমতো)–এর প্রতি হাল তারিখ পর্যন্ত সংশোধনী–সহ পঠনীয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯–এর সংস্থানাধীনে এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তিটি জারি করা হচ্ছে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/ সুরক্ষিত ঋণদাতার এই ওয়েবসাইট দেখুন: www.pnbhousing.com.**

| লোন নম্বর/ ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ জামিনদার/ আইনি উত্তরাধিকারীগণের নাম (A) | দাবিকৃত অর্থাঙ্ক ও তারিখ (B) | দখলের প্রকৃতি (C) | বন্ধক রাখা সম্পত্তির বিবরণ (D) | সংরক্ষণ মূল্য (আরপি) (E) | ইএমডি (আরপি–র ১০%) (F) | ডাক জমার শেষ তারিখ (G) | ডাক বাড়ানোর হার (H) | পরিদর্শনের তারিখ ও সময় (I) | নিলামের তারিখ ও সময় (J) | জ্ঞাত দায়/ বিচারাধীন মামলা (যদি থাকে) (K) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| HOU/KOL/0919/744096 দেবকী নন্দন ঝা/চন্দ্র ভূষণ শর্মা (জামিনদার) ব্রাঞ্চ অফিস: কলকাতা | ₹২০,৬৭,৫২৭.০০ ১৯.০৪.২০২৩ অনুযায়ী | বাস্তবিক দখল | ৬০৪ বর্গফুট বিল্ট আপ এরিয়াযুক্ত অ্যাপার্টমেন্ট নং ৫০৪ সংবলিত একটি অ্যাপার্টমেন্টের অপরিহার্য সমগ্র পরিমাণ: ৫ নং ফ্লোর, বিল্ডিংয়ের টাওয়ার নং এ৪, তৎসহ গ্রাউন্ড ফ্লোরে একটি ওপেন কার পার্কিং স্পেস, এটি সামান্য কমবেশি ২১ একর ২ ডেসিমেল মাপের জমিতে নির্মিত ‘ইডেন সিটি মহেশতলা’য় অবস্থিত, হোল্ডিং নং বি১–৯০/এ/১, নিউ বজবজ ট্রাঙ্ক রোড, কলকাতা– ৭০০১৩৭, মৌজা– সারেঙ্গাবাদ, পরগনা– মাগুরা, জে এল নং ৪৭, আর এস নং ৫৬০, তৌজি নং ১৩৪, আর এস খতিয়ান নং ২২৫, ২২৪, ৮১৩, ৩০৭, ১৫৬, ২১১, ১৭৮, ২৪৬, ৫৩৩, ৭০৪, ৫১৯, ৭০৭, ৬৩৭, ১৮৮, ১৮৩, ৪৭৬, ২৫১, ১০২, ৬৮১, ২১৪, ২১৩, ৪৭৬, ৩৮২, ৬৩৭, ১৮৯, ১৮২, ৫০৯, ১৯১, ৪৬৫, ১২৩, ৫৩৭, ৭৩২, ৭৩৪, ৭৩৩, ৭৩৫, ১৮০, ৬৪৯, ৬৫১, ৬৫২, ৬৫৩, ৬৫৪, ৬৫৫, ৬৫৬, ৬৫৭, ৬৫৮, ৭৩১, ৬৪, এল আর খতিয়ান নং ১৫১৯/১, ১৫৫৫, ৪২৬, ৯৯৭, ৪৮৯, ১০, ৯০৮, ১২৭১, ১০২৩, ১৫১৭/১, ৮৪৮, ১৫৭৫, ১৫৪৫, ৯৯৭, ৪৮৯, ১১৯১, ২২৬, ৬০৩, ৬২১, ৩৬৫, ৭১৪, ১১, ৩২৩, ৫২৩, ১২৬১, ৩৩৩, ১১৪৮, ৯৭১, ১০২৫, ১০৪৩, ৭৭৭, ৪৩১, ৬৬৯, ২২০, ৩, ৭২৬, ৩৪৭, ১২৩, ১৪৬, ৫১, ১০২৩, ১৭১১, ১৭১২, ৯২৯, ৪২৫, ৭৯৮, ৩১৪, ৯০১, ১১২৭, ১১৩৯, ৭২৮, ৩২৩, দাগ নং ২৮৪/৮৬০, ২৮৪, ২৮৫, ২৮৬, ২৮৭, ২৮৮, ২৮৯, ২৯০, ২৯০/৮৬১, ২৯১, ২৯২, ২৯৩, ২৯৪, ২৯৫, ২৯৬, ২৯৭, ২৯৮, ২৯৯, ৩০০, ৩০৩, ৩০৪, ২৭৭, ২৭৬, ২৭৫, ২৭৪, ২৭৩, ২৭২, ২৬৯, ২৬৮, ২৬৬, ২৬৫, ২৬১, ২৬০, ২৫৮, ২৫৯, ২৫৭, ২৫৭/৯২২, ২৫৭/৯২১, ২৫৬, ২৫, ২৫৪, ২৫৩, ২৫২, ২৫১, ২৪৬, ২৪৭, ৮৭, ২৬৭, ২৪৮, ২৪৯, ২৭৮, ২৭৯, ২৭১, ২৭০, ২৭০/৮৫৫, ২৭০/৮৫৬, ২৭০/৮৫৭, ২৭০/৮৫৮, ২৭০/৯২৭, ২৭০/৯২৮, ২৪২, ২৪৩, ২৪৪, ২৪৫, ২৪৫/৮৫৪, ২৪৫/৯২০, ৩০৬, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, থানা– মহেশতলা, ওয়ার্ড নং ৩১, মহেশতলা পুরসভার এলাকাধীন। স্বত্ব দলিল নং I–০০০১৪/২০২০। | ₹২২,১৮,০০০/– | ₹২,২১,৮০০/– | ০৪.১১.২০২৪ | ₹১০,০০০/– | ২২.১০.২০২৪ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট | ০৫.১১.২০২৪ দুপুর ১২টা ৩০ মিনিট থেকে দুপুর ২টো ৩০ মিনিট | *নেই/জানা নেই |
| HOU/ KOL/0218/488644, হৃদয় প্রসাদ তিওয়ারি/ আভা তিওয়ারি, ব্রাঞ্চ অফিস: কলকাতা | ₹২৬,২১,১১০.০০ ১১.১০.২০২২ অনুযায়ী | বাস্তবিক দখল | ২০% সুপার বিল্ট আপ এরিয়া সহ ৯৭০ বর্গফুট মাপের আবাসিক ফ্ল্যাটের সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, সপ্তম তলে, যাতে দুটি বেডরুম, একটি ড্রইং কাম লিভিং, একটি ডাইনিং হল, একটি বাথ কাম প্রিভি টয়লেট, একটি কিচেন এবং একটি লবি আছে, কমবেশি ৭ কাঠা ২৭ বর্গফুট জমির অবিভাজ্য সম পরিমাণ অংশ সহ, হাওড়া পুরনিগমের অধীন হোল্ডিং নং ১৮৮ এবং ১৮৯/১, জি টি রোড (নর্থ), হাওড়া পুরনিগমের অধীন ওয়ার্ড নং ২, দাগ নং ১৬৬, খতিয়ান নং ৬৯, মৌজা এবং থানা মালিপাঁচঘড়া, জেলা হাওড়া। উক্ত ফ্ল্যাটের চৌহদ্দি: উত্তরে–বিল্ডিং প্যাসেজ, দক্ষিণে–সিঁড়ি, পূর্বে–বিল্ডিং প্যাসেজ, পশ্চিমে–বিল্ডিং প্যাসেজ। | ₹২৮,২১,০০০/– | ₹২,৮২,১০০/– | ২১.১০.২০২৪ | ₹১০,০০০/– | ১০.১০.২০২৪ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট | ২২.১০.২০২৪ দুপুর ১২টা ৩০ মিনিট থেকে দুপুর ২টো ৩০ মিনিট | এসএ ২৩৪/২০২৩– হৃদয় প্রসাদ তিওয়ারি বনাম পিএনবি এইচএফএল– ডিআরটি I |

* তৎসহ পরিশোধের তারিখ পর্যন্ত এবং/বা পরবর্তীতে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে বার্ষিক ১৮% হারে প্রযোজ্যমতো সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল, চার্জ ইত্যাদি। ** পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে উপরিলিখিত স্থাবর/ সুরক্ষিত পরিসম্পদের ওপর অন্য কোনও দায়/ দাবি বকেয়া নেই (কলাম নং ‘K’–তে উল্লিখিত বাদে)। পরবর্তী যাবতীয় দায় সফল ক্রেতা/ডাকদাতাকেই আদায় দিতে হবে। উল্লিখিত দায়গুলির পরিস্থিতি স্বাধীনভাবে যাচাই করে নেওয়ার জন্য সম্ভাব্য ক্রেতা(গণ)/ ডাকদাতাদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে।
১. আজকের তারিখ পর্যন্ত উপরিলিখিত স্থাবর সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ বিক্রি, দায় ঝেড়ে ফেলা ও/বা হস্তান্তর করায় পিএনবি এইচএফএল/ পিএনবি এইচএফএল–এর অনুমোদিত আধিকারিকের প্রতি নিষেধাজ্ঞা জারি করে কোনও আদেশ/ আদালতের স্থিতাবস্থা জারির নির্দেশ নেই।
২. নিজেদের দরপত্র/ বিড অ্যাপ্লিকেশন ফর্ম জমা দেওয়া বা দরপ্রস্তাব(সমূহ) পেশের আগে সম্ভাব্য ক্রেতা/ ডাকদাতা এবং আগ্রহী পক্ষগণ ওপরের টেবিলে কলাম নং ‘K’–তে উল্লিখিত মামলা/ জারিকৃত আদেশের প্রেক্ষিতে শুনানি স্বাধীনভাবে পর্যবেক্ষণ করতে পারেন এবং এগুলি বাদেও তাঁরা পিএনবি এইচএফএল–এর জিম্মায় থাকা সম্পত্তির নথিপত্র ও স্বত্ব যাচাই করে নিজেরা নিঃসন্দেহ হয়ে নিতে পারেন। বিড ফর্মের পাশাপাশি ডাকদাতা(গণ)–কে এই নিলামের শর্ত ও নিয়মাবলিতেও স্বাক্ষর করতে হবে।
৩. অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(৩)–এর শর্তানুসারে ডাকদাতা(গণ)/ ক্রেতা নিলামের দিনেই বা সর্বাধিক পরবর্তী কাজের দিনের মধ্যে বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক (জমাকৃত ইএমডি ধরে, যদি থাকে) আদায় দিতে বাধ্য। সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(২) অনুযায়ী সুরক্ষিত ঋণদাতা বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক বুঝে পাওয়ার পরে সফল ক্রেতার/ ডাকদাতার অনুকূলে বিক্রয় চূড়ান্ত করা হতে পারে। ক্রেতাকে বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক আদায় দিতে হবে বিক্রি নিষ্পত্তির চিঠি প্রাপ্তির ১৫ দিনের মধ্যে এবং এরূপে অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হলে সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ পুনরায় বিক্রি করা হবে।
৪. ই–নিলামের মাধ্যমে বিক্রি পরিচালনায় অনুমোদিত আধিকারিকের সহায়তায় থাকবে মেসার্স সি১ ইন্ডিয়া প্রাঃ লিঃ, কর্পোরেট অফিসের ঠিকানা: প্লট নং ৬৮, ফ্লোর নং ৩, সেক্টর ৪৪, গুরুগ্রাম, হরিয়ানা– ১২২০০৩, ওয়েবসাইট: www.bankeauctions.com। সম্পত্তি পরিদর্শন বা বিড ডকুমেন্ট সংগ্রহ সংক্রান্ত কোনও সহায়তার প্রয়োজনে এবং রেজিস্ট্রেশন সম্পর্কিত কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে আপনারা এখানে যোগাযোগ করতে পারেন: মিঃ ইন্দ্র সেন যাদব, যোগাযোগের টোল ফ্রি নম্বর: ১৮০০ ১২০ ৮৮০০, ইমেল: auction@pnbhousing.com, পিএনবিএইচএফএল–এর অনুমোদিত ব্যক্তি অথবা, www.pnbhousing.com দেখতে পারেন।

**স্থান: কলকাতা; তারিখ: ০৪.১০.২০২৪** **স্বা/– অনুমোদিত আধিকারিক, পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড**